

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ অধিশাখা
www.lgd.gov.bd

স্মারক নং-স্থাসবি/ইপ/ইউপি-০৭/০৮(অংশ-১)- ৪৯১

তারিখ : ২৮ বৈশাখ, ১৪২৩ বঙ্গাব্দ।
১১ মে, ২০১৬ খ্রিঃ।

বিষয় : ফরিদপুর জেলার নগরকান্দা উপজেলার ডাক্তার ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণের স্থানের অনুমোদন সংক্রান্ত


সূত্র : সৈয়দা সাজেদা চৌধুরী এমপি, সংসদ উপনেতা, বাংলাদেশ জাতীয় সংসদ মহোদয়ের আধা-সরকারি পত্র, তারিখ : ২৪.০৪.২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সৈয়দা সাজেদা চৌধুরী এমপি, সংসদ উপনেতা, বাংলাদেশ জাতীয় সংসদ মহোদয়ের আধা-সরকারি পত্রটি সংযুক্তিসহ এ সঙ্গে প্রেরণ করা হলো। উক্ত আধা-সরকারি পত্রের সাথে সংযুক্ত কাজী আবুল কালাম, চেয়ারম্যান, ৮নং ডাক্তার ইউনিয়ন পরিষদ, নগরকান্দা, ফরিদপুর কর্তৃক স্বাক্ষরিত পত্রে বিভ্রান্তিমূলক তথ্য প্রেরণ করা হয়েছে। উক্ত পত্রে অনেককে এমনকি মাননীয় সংসদ উপনেতাকেও ভুল বুঝানো হয়েছে মর্মে উল্লেখ রয়েছে। মাননীয় সংসদ উপনেতার আধা-সরকারি পত্রের সাথে সংযুক্ত কাজী আবুল কালাম, চেয়ারম্যান, ৮নং ডাক্তার ইউনিয়ন পরিষদ এর পত্রের বিষয়ে তদন্ত করে তাঁর মতামতসহ একটি প্রতিবেদন জরুরী ভিত্তিতে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২। বিষয়টি অতীব জরুরি।

সংযুক্তি : মাননীয় সংসদ উপনেতার আধা-সরকারিপত্র

সংযুক্তিসহ.....পাতা।


(শরীফা আহমেদ)
সিনিয়র সহকারী সচিব
☎ ৯৫৮৬৬০৫
Email : lgup1@lgd.gov.bd

জেলা প্রশাসক
ফরিদপুর।

অনুলিপিঃ

০১. মাননীয় সংসদ উপনেতার একান্ত সচিব, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।

০২. সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।